হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৮০ ঃ মেহেরপুর-বুধবার ৯ জুলাই ২০২৫ ইং ঃ ২৫ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



৯০ বছর পূর্তিতে কুসুম হয়ে আসছেন জয়া - পৃষ্ঠা-৩

# গাংনীতে সাবেক এমপি খোকেনের খামখেয়ালীত্বে সেতুতে ঝুঁকি

## সংযোগ সড়ক নির্মাণ বাধাগ্রস্ত



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলায় কয়েক বছর আগে প্রায় সাড়ে ৭ কোটি টাকা ব্যয়ে নির্মিত একটি গুরুত্বপূর্ণ সেতু ভূমি অধিগ্রহণ জটিলতায় আটকে রয়েছে। সেতুর সংযোগ সড়ক না হওয়ায় স্থানীয় হাজারো মানুষ প্রতিদিন দুর্ভোগে ভুগছেন। বিশেষ করে সাবেক এমপি সহিদুজ্জামান খোকেনের খামখেয়ালীত্বের কারণে সেতুর নকশা পরিবর্তন ও সড়ক নির্মাণে বাধা সৃষ্টি হওয়ায় বিষয়টি গুরুতর রূপ নিয়েছে।

এই সেতুটি নির্মিত হওয়ার কথা ছিল দুই জেলার মানুষকে সল্প পথ প্রদানে, কিন্তু বর্তমানে সেতুর দুই প্রান্তে অস্থায়ী রাস্তা দিয়ে ঝুঁকি নিয়ে পারাপার হচ্ছেন মানুষ। স্থানীয়রা অভিযোগ করেন, সাবেক এমপি খোকেনের

২-এর পৃষ্ঠা দেখুন




## ৯ জুলাই : সারাদেশে সকাল-সন্ধ্যা 'বাংলা ব্লকেড' কর্মসূচি ঘোষণা

নিজস্ব প্রতিবেদক

সরকারি চাকরিতে কোটাব্যবস্থা বাতিলের দাবিতে ২০২৪ সালের ৯ জুলাই (মঙ্গলবার) বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বানে বিশ্ববিদ্যালয়ে ক্লাস-পরীক্ষা বর্জন এবং 'গণসংযোগ' কর্মসূচি পালন করেন শিক্ষার্থীরা।

এদিন কর্মসূচি পালন শেষে বিকেল সাড়ে ৬ টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে সংবাদ সম্মেলনের আয়োজন করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

সংবাদ সম্মেলন থেকে আগামীকাল বুধবার (১০ জুলাই) সারাদেশে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত 'বাংলা ব্লকেড' কর্মসূচি ঘোষণা করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম।

সংবাদ সম্মেলনে নাহিদ ইসলাম বলেন, বুধবার সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত সারাদেশে এ

২-এর পৃষ্ঠা দেখুন



# মুক্তিযুদ্ধের চেতনা বিনষ্ট করেছে মুজিববাদী সংবিধান- নাহিদ ইসলাম

নিজস্ব প্রতিবেদক

"১৯৭১ সালে আমরা মেহেরপুর থেকে স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেছিলাম কিন্তু মুজিববাদী সংবিধানের মাধ্যমে মুক্তিযুদ্ধের আকাঙ্ক্ষাকে ধূলিসাৎ করা হয়েছে। আজ ৫৪ বছর পর সেই জায়গা থেকেই আমরা আহ্বান জানাচ্ছি একটি বৈষম্যহীন ও মানবিক বাংলাদেশের পুনর্নির্মাণের।" এমন মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম।গতকাল মঙ্গলবার সন্ধ্যায় মেহেরপুর কলেজ মোড়ে জুলাই অভ্যুত্থানের এক বছর পূর্তি উপলক্ষে আয়োজিত পদযাত্রা শেষে পথসভায় তিনি এমন মন্তব্য করেন।

তিনি বলেন, মুক্তিযুদ্ধের ৫৪ বছর পরও রাষ্ট্রীয় প্রতিষ্ঠান গড়ে তোলা যায়নি, ফলে বাংলাদেশ এখনও প্রকৃত অর্থে জনগণের রাষ্ট্র হয়ে ওঠেনি। তবে ২০২৪ সালের গণঅভ্যুত্থানের মাধ্যমে আমরা নতুন করে সম্ভাবনা দেখেছি। গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে স্বৈরাচারের পতন ঘটেছে। এবার জাতীয় নাগরিক পার্টি বাংলাদেশের নতুন রূপরেখা তৈরির জন্য 'জুলাই ঘোষণাপত্র' আনবে, যা হবে বৈষম্যহীন রাষ্ট্র গঠনের নীলনকশা।"

পদযাত্রাটি শহরের শহীদ ডঃ সামসুজ্জোহা পার্ক থেকে শুরু হয়ে কলেজ মোড়ে এসে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত সংক্ষিপ্ত পথসভায় বক্তব্য রাখেন এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম, দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ, মুখ্য সমন্বয়ক নাসিরুদ্দিন পাটোয়ারী, ডাঃ তাসনিম জারা, মেহেরপুর জেলা এনসিপির যুগ্ম সমন্বয়কারী অ্যাডভোকেট শাকিল আহমেদ, সোহেল রানা প্রমুখ।

এর আগে গাংনী পদযাত্রায় জাতীয় নাগরিক পার্টির দক্ষিণাঞ্চলীয় প্রধান সংগঠক হাসনাত আব্দুল্লাহ তীব্র ভাষায় নির্বাচন ব্যবস্থাকে আক্রমণ করে বলেন, "নির্বাচনের আগের রাতে ওসি, এসপি এবং পোলিং এজেন্টদের কিনে নেওয়া হয়। এই ধরণের ভোটব্যবসা দেশের গণতন্ত্রকে ক্ষতিগ্রস্ত করছে। ঢাকা থেকে বস্তাবন্দি কোটি কোটি টাকা এনে নির্বাচনের আগে রাতের আঁধারে ভোটকারচুপির পরিকল্পনা করা হয়। এসব টাকার জোরে ওসি, এসপি এবং ভোটার প্রতিনিধি সবাই কেনা হয়,

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ার শীর্ষ চরমপন্থী নেতা লিপটন রিমান্ডে

ঝিনাইদহ প্রতিনিধি

দক্ষিণ-পশ্চিমাঞ্চলের চরমপন্থী সংগঠন গণমুক্তিফৌজের সশস্ত্র কিলার বাহিনীর সদস্য জাহাঙ্গীর কবির ওরফে লিপটন ও তার সহযোগী রাজুর দুই দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

ঝিনাইদহের শৈলকুপার চাঞ্চল্যকর তিন খুনের মামলায় জিজ্ঞাসাবাদের জন্য মঙ্গলবার আদালত তাদের রিমান্ড মঞ্জুর করেন।

এর আগে কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) থানায় অস্ত্র মামলায় তাকে রিমান্ডে নেওয়া হয়েছিল। তখন নৌপরিবহন মন্ত্রণালয়ে কর্মরত তার ভাই আলমগীর কবির বায়রন পুলিশ ও স্থানীয় প্রশাসনের ওপর অবৈধ

২-এর পৃষ্ঠা দেখুন

## চিকিৎসক নেই, অপারেশন হয় না

# গাংনী হাসপাতালের শূন্যতায় ফুলে-ফেঁপে উঠছে ক্লিনিক ব্যবসা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেই পর্যাপ্ত চিকিৎসক, নেই জরুরি চিকিৎসাসেবা, নেই কার্যকর অপারেশন ব্যবস্থা। অথচ রয়েছে একটি আধুনিক ভবন, সুসজ্জিত অপারেশন থিয়েটার, উচ্চ ক্ষমতার জেনারেটর এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি। দশ বছর ধরে অপারেশন থিয়েটারটি বন্ধ, জেনারেটরটি অচল, আর রোগীরা চিকিৎসা না পেয়ে ছুটছেন বেসরকারি ক্লিনিকে। ফলে সরকারি সেবার শুন্যতাকে পুঁজি করে ফুলে-ফেঁপে উঠছে ক্লিনিক ব্যবসা।

স্বাস্থ্য কমপ্লেক্স সূত্রে জানা গেছে, ২০০৮ সালে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি ৫০ শয্যায় উন্নীত হয়। ২০১৮ সালে নির্মিত হয় বহুতল

২-এর পৃষ্ঠা দেখুন






## গাংনীতে পাট প্রশিক্ষণে 'ভুয়া চাষি' নাটক, প্রকৃত কৃষক বঞ্চিত

নিজস্ব প্রতিবেদক

গাংনীতে পাট চাষিদের জন্য আয়োজিত প্রশিক্ষণে প্রকৃত কৃষকের জায়গা দখল করেছেন জনপ্রতিনিধি, রাজনৈতিক কর্মী ও কিছু স্থানীয় সাংবাদিক। পাট অধিদপ্তরের "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন সম্প্রসারণ প্রকল্প"-এর আওতায় গতকাল মঙ্গলবার এই প্রশিক্ষণ আয়োজন করা হয়।

কৃষকদের অভিযোগ, প্রকল্পের উদ্দেশ্য ছিল পাট উৎপাদন বাড়াতে তাদের আধুনিক প্রশিক্ষণ দেওয়া। কিন্তু বাস্তবে দেখা গেছে,

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে কারারক্ষী কারাদণ্ড

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরে মাদক মামলায় সাবেক কারারক্ষী মোঃ আব্দুল আলিম বিশ্বাস এবং মাদক কারবারি মোঃ সেন্টু রহমানকে ২ বছর করে সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে প্রত্যেককে ৫ হাজার টাকা করে অর্থদণ্ড, অনাদায়ে আরও ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।

মঙ্গলবার (৮ জুলাই) মেহেরপুর চিপ জুডিসিয়াল আদালতের বিচারক মোঃ শাহাজান আলী এয় রায় ঘোষনা করেন।

মামলার তথ্য অনুযায়ী, জেলা গোয়েন্দা শাখা গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে, মেহেরপুর সদর থানার খন্দকারপাড়া এলাকায় ইয়াসিনের বাড়ির সামনে দুই ব্যক্তি ইয়াবা বিক্রির উদ্দেশ্যে

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীর সাকিল এখন সুপ্রিম কোর্টের পিপি

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ সুপ্রিম কোর্টের স্পেশাল পাবলিক প্রসিকিউটর (সহকারী অ্যাটর্নি জেনারেল) হিসেবে নিয়োগ পেয়েছেন মেহেরপুরের গাংনীর বড়বামন্দী গ্রামের কৃতি সন্তান অ্যাডভোকেট সাকিল আহমাদ।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের

২-এর পৃষ্ঠা দেখুন

## সাংবাদিকদের ওপর হামলার নিন্দা বিজেপিসির

সূর্যোদয় প্রতিবেদন

সাংবাদিকদের ওপর হামলা ও হুমকির ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ জার্নালিস্ট প্রটেক্ট কমিটি (বিজেপিসি)। এক বিবৃতিতে সংগঠনটি খুলনায় দৈনিক খুলনা টাইমসের সম্পাদক সুমন আহমেদ এবং দৈনিক আমার দেশ ও দৈনিক প্রবাহের সাংবাদিক মো. কামরুল হোসেন মনির প্রতি হুমকি এবং সাতক্ষীরা প্রেসক্লাবে সাংবাদিকদের ওপর বহিরাগতদের হামলার প্রতিবাদ জানিয়েছে।

বিজেপিসি মনে করে, সাংবাদিকতা একটি স্বাধীন ও নির্ভীক পেশা। এই পেশাকে বাধাগ্রস্ত করতে যারা হামলা ও হুমকির আশ্রয় নিচ্ছে, তাদের দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানায়

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর তহবাজার ব্যবসায়ী সমিতির নির্বাচনের তফসিল ঘোষণা, ভোট ১০ আগস্ট

মেহেরপুর প্রতিনিধি

গতকাল মঙ্গলবার মেহেরপুর তহবাজার সমিতির নির্বাচনের খসড়া ভেটার তালিকা প্রকাশ করা হয়েছে। এর আগে গত সোমবার মেহেরপুর তহবাজার ব্যবসায়ী সমিতির দ্বিবার্ষিক নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়। সোমবার রাতে সমিতির কার্যালয়ে এক সভায় এ তফসিল ঘোষণা করেন নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক ড. আলিবদ্দিন। ঘোষিত তফসিল অনুযায়ী, আগামী ১০ আগস্ট (শনিব-ার) সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত টানা ভোটগ্রহণ চলবে।

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

(খবর : সয়লাব পলিথিনে, নিষিদ্ধের তোয়াক্কা নাই।)

চটের ব্যাগ হাতে নিয়ে
যেতাম আগে বাজারে
পলিথিনের ব্যাগ এসে
চট গেল হারিয়ে।
বাজার ঘাটে খালে বিলে
বাকি থাকলো না জমিনে
নষ্ট হচ্ছে চাষের জমি
পলিথিনের কারণে।
আইন করে হয় না বন্ধ
নষ্ট হচ্ছে পরিবেশ
বন্ধ হলে বাঁচবে মানুষ
বাঁচবে তখন পুরা দেশ।




## পিরোজপুর ইউনিয়নে সেলাই মেশিন, স্পোর্টস সামগ্রী ও স্প্রে মেশিন বিতরণ

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন পরিষদের উদ্যোগে এডিপি অর্থায়নে ২০২৪-২৫ অর্থ বছরে বিভিন্ন স্কুল ও ক্লাবে সেলাই মেশিন, ফুটবল, ভলিবল, ক্রিকেটসেটসহ কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণ করা হয়েছে। মঙ্গলবার সকাল পিরোজপুর ইউনিয়ন পরিষদ

২-এর পৃষ্ঠা দেখুন

## সঞ্চয়পত্রের মুনাফার হার কমানোর ঘোষণায় চিন্তায় অনেক পরিবার

সূর্যোদয় প্রতিবেদন

সরকারের সিদ্ধান্ত অনুযায়ী, চলতি বছরের জুলাই মাস থেকে সঞ্চয়পত্রের মুনাফার হার কমানো হয়েছে। এই পরিবর্তন নতুন প্রজ্ঞাপনের মাধ্যমে কার্যকর হলেও এর প্রভাব পড়বে নতুন সঞ্চয়পত্র কেনা ও পুনঃবিনিয়োগের ক্ষেত্রে। পুরনো সঞ্চয়পত্রের সুদের হার আগের মতোই থাকবে। তবে এই সিদ্ধান্ত মধ্যবিত্ত ও নিম্ন-মধ্যবিত্ত পরিবারের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

কিশোরগঞ্জের বেসরকারি শিক্ষক এবিএম শফিউল্লাহয়ের মত অনেকে আছেন, যারা সরকারি

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে পুকুরে বিলীন দক্ষিণ শালিকার রাস্তা, শতাধিক পরিবার চরম দুর্ভোগে

শালিকা প্রতিনিধি



মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের গুরুত্বপূর্ণ যোগাযোগ পথ জোলপাড়া রাস্তাটি দীর্ঘদিন ধরে পুকুরের পানিতে ধসে পড়েছে, ফলে এটি বর্তমানে চলাচলের জন্য সম্পূর্ণ অযোগ্য হয়ে পড়েছে। রাস্তাটি পুকুরে বিলীন হওয়ায় প্রায় পাঁচ থেকে ছয় শতাধিক মানুষ প্রতিদিন অশান্তিতে ভুগছেন।

স্থানীয়রা জানান, গত দুই দশকেরও বেশি সময় ধরে রাস্তাটি টেকসই সংস্কারের অভাব রয়েছে। কয়েক বছর আগে সাময়িকভাবে রাস্তাটি মেরামত করা হলেও পাশ দিয়ে কোনো বাঁধ নির্মাণ না করায় রাস্তাটি আবারও ধসে গেছে। দীর্ঘদিন ধরে এই অবস্থা থাকায় এলাকার যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বাধাগ্রস্ত হয়েছে। জোলপাড়ায় দুটি মসজিদ অবস্থিত। বিশেষ করে ফজরের নামাজের সময় বয়স্ক ও অসুস্থ মুসল্লিরা নিরাপদে চলাচল করতে পারছেন না।

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বুধবার ॥ ২৫ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ৯ জুলাই ২০২৫ইং



## জরায়ু ফাইব্রয়েড রোগীদের খাদ্যাভাস কী খাওয়া উচিত?

সূর্যোদয় প্রতিবেদন

জরায়ু ফাইব্রয়েড বা জরায়ু লিওমায়োমা হচ্ছে একটি সাধারণ রোগ, যা মসৃণ পেশি কোষ এবং তন্তুযুক্ত সংযোগকারী টিস্যু দিয়ে গঠিত হয়। বাংলাদেশের নারীদের মধ্যে প্রায় ৭০ থেকে ৮০ শতাংশই জীবনের কোনো না কোনো সময়ে এই রোগে আক্রান্ত হতে পারেন। যদিও অনেক সময় লক্ষণ প্রকাশ পায় না, তবে সঠিক খাদ্যাভ্যাস ফাইব্রয়েডের বিকাশ কমাতে ও নিয়ন্ত্রণে সাহায্য করে। বিশেষজ্ঞরা জানান, ফাইব্রয়েড রোগীদের খাদ্যতালিকায় অবশ্যই থাকা উচিত প্রচুর পরিমাণ সবুজ শাকসবজি এবং তাজা ফল। পালং শাক, গাজর, টমেটো, ব্রোকলি, আপেল, কমলা ও পেঁপে ইত্যাদি খাবার শরীরের প্রদাহ কমায় এবং হরমোনের ভারসাম্য বজায় রাখতে সহায়তা করে। এছাড়া এগুলো ফাইবারে সমৃদ্ধ হওয়ায় ওজন নিয়ন্ত্রণেও কার্যকর। লাল মাংস যেমন গরু ও মহিষের মাংস এ রোগীদের থেকে এড়িয়ে চলা উচিত, কারণ এতে ইস্ট্রোজেনের মাত্রা বেড়ে ফাইব্রয়েডের বৃদ্ধি ত্বরান্বিত হয়। পরিবর্তে মুরগির মাংস, স্যামন, টুনা ও অন্যান্য সামুদ্রিক মাছ খাওয়া বেশি উপকারী। মাছের মধ্যে থাকা ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড প্রদাহ কমায় ও ফাইব্রয়েডের অগ্রগতি রোধ করে। শস্য দানার

২-এর পৃষ্ঠা দেখুন

# গাংনীতে প্রকল্পের সভাপতি পিআইও অফিসের পিয়ন
# পিআইও'র ২ লাখ ৬০ হাজার টাকা আত্মসাৎ



নিজস্ব প্রতিবেদক

সরকারি প্রকল্প বাস্তবায়নের নামে টিআর (ত্রাণ কাজ) কোটার অর্থ আত্মসাতের চাঞ্চল্যকর ঘটনা ঘটেছে মেহেরপুরের গাংনী উপজেলায়। ভুয়া প্রকল্প দেখিয়ে ২ লাখ ৬০ হাজার টাকা আত্মসাৎ করেছেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) মো. মনসুর রহমান। আর এ প্রকল্পের সভাপতি করা হয়েছে পিআইও অফিসের পিয়ন আব্দুর রশিদকে, অথচ তিনি নিজেই এই বিষয়ে কিছুই জানেন না।

অনুসন্ধানে জানা যায়, চলতি বছর ফেব্রুয়ারিতে গাংনী পৌরসভার আওতাধীন টিআর প্রকল্পের অধীনে উপজেলা চত্বরে বাউন্ডারি ওয়ালের প্লাস্টারিংয়ের জন্য বরাদ্দ দেওয়া হয় ২ লাখ ৬০ হাজার টাকা। প্রকল্পের সব নথিপত্রে কাজ সম্পন্ন দেখানো হলেও বাস্তবে কোনো কাজ হয়নি। এ বিষয়ে কথা বলতে গিয়ে পিয়ন আব্দুর রশিদ জানান, "আমি কোনো প্রকল্পের সভাপতি নই, এ রকম কোনো টাকাও পাইনি। প্রকল্প হয়েছে সেটাও জানতাম না। অফিসে কী হচ্ছে, আমার জানা নেই।"

অভিযোগের বিষয়ে জানতে চাইলে পিআইও মনসুর রহমান বলেন, "এই বিষয়ে অফিস সহায়ক হাবিব জানে, তার সঙ্গে কথা বলেন।" তবে হাবিবের সাথেও এ বিষয়ে যোগাযোগ করা সম্ভব হয়নি। স্থানীয় বাসিন্দা খায়রুল ইসলাম বলেন, "সরকারি টাকা এভাবে লুটপাট হলে সাধারণ মানুষের আস্থা কোথায় থাকবে? যারা এই প্রতারণার সঙ্গে জড়িত, তাদের দৃষ্টান্তমূলক শাস্তি হওয়া উচিত।" গাংনী পৌরসভার প্রকৌশলী শামীম রেজা জানান, "আমরা কেবল বরাদ্দ দিয়েছি। প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব ছিল পিআইও অফিসের। কাজ হয়েছে কিনা, সেটা তারাই বলতে পারবে।" এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেন বলেন, "সরকারি নীতিমতে অফিসের কেউ প্রকল্প সভাপতি হতে পারেন না। বিষয়টি তদন্ত করে প্রমাণিত হলে

২-এর পৃষ্ঠা দেখুন



## হাসপাতালে দালালচক্র সক্রিয়, সেনাবাহিনীর অভিযানে ৫ জন আটক

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর হাসপাতালে অবৈধ দালালচক্রের বিরুদ্ধে অভিযান চালিয়ে পাঁচ সদস্যকে হাতেনাতে আটক করেছে বাংলাদেশ সেনাবাহিনী। সোমবার (৭ জুলাই) দুপুরে মেহেরপুর আর্মি ক্যাম্পের একটি আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করে। আটককৃতরা হলেনড়দিঘিরপাড়ার নাজিম হোসেন (২৫), চক্রপাড়ার উজ্জ্বল হোসেন (২৬), মৃত মহর আলীর ছেলে ছানোয়ার

২-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশ সফরে পাকিস্তানের শক্তিশালী স্কোয়াড ঘোষণা

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা, ৮ জুলাই: আগামী ১৬ জুলাই শুরু হতে যাওয়া তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলতে বাংলাদেশ সফরে আসছে পাকিস্তান ক্রিকেট দল। বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) ও পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) মধ্যে সমঝোতার মাধ্যমে নির্ধারিত এই সিরিজে পাকিস্তান শক্তিশালী স্কোয়াড ঘোষণা করেছে।

পাকিস্তানের অধিনায়কত্ব করবেন অলরাউন্ডার সালমান আলি আগা। তবে ইনজুরির কারণে দলের সহঅধিনায়ক শাদাব খান এবং পেসার হারিস রউফ এই সফরে অংশ নিতে পারবেন না। শাদাব খান সম্প্রতি যুক্তরাজ্যে

২-এর পৃষ্ঠা দেখুন



## ৪৪তম বিসিএস পরীক্ষায় মেহেরপুর থেকে ৫

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর জেলা থেকে অনুষ্ঠিত ৪৪তম বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) পরীক্ষায় মোট ৫ জন প্রার্থী বিভিন্ন ক্যাডারে সুপারিশ লাভ করেছেন। এর মধ্যে একজন মেহেরপুর সদরের এবং চারজন গাংনী উপজেলার বাসিন্দা।

গাংনী পৌর এলাকার আমানুল আশরাফ আশিস বুয়েট থেকে প্রশাসন ক্যাডারে সুপারিশ পেয়েছেন। গাংনী উপজেলার রামনগর গ্রামের রাকিবুল ইসলাম রবিন রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে পুলিশ ক্যাডারে সুপারিশপ্রাপ্ত। গাংনীর মজিবুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র, তিনি শিক্ষা ক্যাডার (সমাজবিজ্ঞান) এ সুপারিশ পেয়েছেন। মেহেরপুর

৩-এর পৃষ্ঠা দেখুন

## তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্তির বিধান বাতিলের পূর্ণাঙ্গ রায় প্রকাশ

সূর্যোদয় প্রতিবেদন

আলোচিত নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলোপ করে সংবিধানের পঞ্চদশ সংশোধনী আইনের ২০ ও ২১ ধারা সাংঘর্ষিক ও বাতিল ঘোষণা করে হাইকোর্টের দেওয়া পূর্ণাঙ্গ রায় প্রকাশিত হয়েছে।

মঙ্গলবার ১৩৯ পৃষ্ঠার পূর্ণাঙ্গ এই রায় সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলোপসহ বেশ কিছু বিষয়ে আনা সংবিধানের পঞ্চদশ সংশোধনী আইন ও এর কয়েকটি ধারার বৈধতা নিয়ে পৃথক রিটের চূড়ান্ত শুনানি শেষে বিচারপতি ফারাহ মাহবুব (বর্তমানে আপিল বিভাগের বিচারপতি) ও বিচারপতি

৩-এর পৃষ্ঠা দেখুন



## পরিকল্পিত অপপ্রচারের শিকার বিএনপি রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী অভিযোগ করেছেন, একটি স্বার্থান্বেষী মহল অত্যন্ত পরিকল্পিতভাবে প্রযুক্তির অপব্যবহার করে বিএনপির বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে। তিনি বলেন, সামাজিক যোগাযোগমাধ্যমে দলটির ভাবমূর্তি ক্ষুণ্ন করতে মনগড়া তথ্য, বিকৃত বার্তা এবং উদ্দেশ্যপ্রণোদিত বিভ্রান্তি ছড়ানো হচ্ছে। এই অপপ্রচার রাজনৈতিক ষড়যন্ত্রের অংশ, যার লক্ষ্য গণতন্ত্রকে বাধাগ্রস্ত

৩-এর পৃষ্ঠা দেখুন



## আবরারের পথেই আজাদির লড়াই কুষ্টিয়ায় নাহিদ ইসলাম

সূর্যোদয় প্রতিবেদন

' গোলামী নয়, আমরা আজাদি চাই' এই স্লোগানকে সামনে রেখে শহীদ আবরার ফাহাদের কবর জিয়ারতের মধ্য দিয়ে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)'র জুলাই পদযাত্রার কুষ্টিয়া পর্ব শুরু হয়েছে। মঙ্গলবার (৮ জুলাই) দুপুরে কুষ্টিয়ার কুমারখালী উপজেলার রায়ডাঙ্গা গ্রামে এনসিপির কেন্দ্রীয় নেতৃবৃন্দ এই কর্মসূচিতে অংশ নেন।

এ সময় দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন, "আমরা আবরার ফাহাদের উত্তরসূরি। তিনি যে বাংলাদেশ কল্পনা করেছিলেন স্বাধীন, মর্যাদাসম্পন্ন, আধিপত্যমুক্ত আমরা সেই বাংলাদেশের স্বপ্ন নিয়েই লড়াই করছি।" নাহিদ ইসলাম আবরার ফাহাদকে একটি "ফ্যাসিবাদবিরোধী মাইলফলক" বলে অভিহিত করেন। তিনি বলেন,

৩-এর পৃষ্ঠা দেখুন

## দর্শনায় বিএনপি'র উদ্যোগে ৩১ দফা সম্বলিত লিফলেট বিতরণ

চুয়াডাঙ্গ প্রতিনিধি

দর্শনা পৌর বিএনপি সমন্বয়ক কমিটির সদস্য মশিউর রহমানের উদ্যোগে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের ৩১ দফা সম্বলিত লিফলেট বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার বিকাল সাড়ে ৫টায় দর্শনা পুরাতন বাজারের ব্যবসায়ী ও সাবেক পৌর বিএনপি সভাপতি মাহবুবুল আলম খোকনের দোকানের সামনে থেকে দলীয় নেতাকর্মীদের নিয়ে মশিউর রহমান লিফলেট বিতরণ কার্যক্রম শুরু করেন। লিফলেটগুলো দর্শনা পুরাতন বাজার থেকে রামনগর পর্যন্ত মুজিব নগর সড়কের পাশের ব্যবসা প্রতিষ্ঠান ও পথচারীদের মধ্যে বিতরণ করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য

৩-এর পৃষ্ঠা দেখুন



## বিশ্বের বিভিন্ন দেশে বৃষ্টি-বন্যায় প্রাণহানি বাংলাদেশে বন্যার আশঙ্কা কতটা?

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বের বিভিন্ন দেশে ভয়াবহ বন্যা ও প্রাণঘাতী বৃষ্টিপাতের প্রেক্ষাপটে বাংলাদেশের সাম্প্রতিক টানা বৃষ্টিপাত নতুন করে উদ্বেগের জন্ম দিয়েছে। তবে দেশের আবহাওয়া অফিস এবং পানি উন্নয়ন বোর্ড বলছেড়বর্তমানে বাংলাদেশে বড় ধরনের বন্যার আশঙ্কা নেই, যদিও উপকূলীয় ও পাহাড়ি এলাকাগুলোতে স্থানীয় দুর্যোগের ঝুঁকি এখনই অস্বীকার করা যাচ্ছে না।

ভয়াবহ বন্যায় যুক্তরাষ্ট্রের টেক্সাসে এখন পর্যন্ত ১০৪ জনের প্রাণহানি, নিখোঁজ ৪১ জন। সবচেয়ে ক্ষতিগ্রস্ত ক্যারি কাউন্টি। গত দুই সপ্তাহে ভারতের হিমাচল প্রদেশে ৭৮ জনের মৃত্যু হয়েছে। ভূমিধস,

৩-এর পৃষ্ঠা দেখুন

## মার্কিন শুল্ক নিয়ে বাংলাদেশে নানা হিসাব-নিকাশ

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ১ আগস্ট থেকে বাংলাদেশি সব ধরনের পণ্যের ওপর ৩৫ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এই সিদ্ধান্ত জানিয়ে বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ডঃ মুহাম্মদ ইউনূসের কাছে পাঠানো একটি চিঠিতে যুক্তরাষ্ট্র নিজেদের অবস্থান ব্যাখ্যা করেছে। চিঠিতে স্পষ্টভাবে বলা হয়েছে "দুঃখজনকভাবে, আমাদের সম্পর্কটি বর্তমানে সমতা থেকে অনেক দূরে। তাই, পহেলা অগাস্ট ২০২৫ থেকে আমরা যুক্তরাষ্ট্রে পাঠানো বাংলাদেশি




যেকোনো এবং সব পণ্যের ওপর ৩৫ শতাংশ শুল্ক আরোপ করবো। ট্রাম্পের এই চিঠি ইতোমধ্যেই

৩-এর পৃষ্ঠা দেখুন

## মাইক্রোসফটের এআই প্রযুক্তি বদলে দেবে জটিল রোগ নির্ণয়ের ধারা

সূর্যোদয় প্রতিবেদন

আজকের চিকিৎসা খাতে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো জটিল রোগের সঠিক ও দ্রুত শনাক্তকরণ। অনেক সময় রোগ নির্ণয়ে ভুল হয় বা সময় অনেক নষ্ট হয়। এতে রোগী এবং চিকিৎসক উভয়ের জন্যই ঝুঁকি থাকে। তবে মাইক্রোসফট এসেছে এক নতুন প্রযুক্তি নিয়ে, যার নাম 'এআই ডায়াগনস্টিক অর্কেস্ট্রেটর'। এই প্রযুক্তি আসলে পাঁচজন এআই চিকিৎসকের একটি ভার্চুয়াল টিম। তারা একসঙ্গে বসে রোগের কারণ খুঁজে বের করে, প্রয়োজনীয় পরীক্ষা ঠিক করে এবং যুক্তি দিয়ে সিদ্ধান্ত নেয়। এই পদ্ধতিকে বলা হয় 'চেইন অব ডিবেট'।গবেষণায় দেখা গেছে, এটি মানুষের তুলনায় প্রায় চার গুণ বেশি কার্যকরভাবে জটিল



রোগ শনাক্ত করতে পারে। সবচেয়ে ভালো বিষয় হলো, এটি রোগ নির্ণয়ের পেছনের যুক্তি বিস্তারিতভাবে ব্যাখ্যা করে, যা চিকিৎসক ও রোগীর আস্থা বাড়ায়। এছাড়া, এই এআই টুলটি খরচ নিয়ন্ত্রণেও সচেতন। অপ্রয়োজনীয় পরীক্ষা না করে শুধুমাত্র গুরুত্বপূর্ণ পরীক্ষা নির্ধারণ করে, ফলে চিকিৎসা ব্যয় অনেক কমে যায়। এর পিছনে রয়েছে ঙঢ়বহঅও-এর এচঞ-৪ইড় সহ বিশ্বের সেরা ভাষা মডেলগুলো।শিগগিরই মাইক্রোসফট কোপাইলট ও বিং সার্চে যুক্ত হতে যাওয়া এই

৩-এর পৃষ্ঠা দেখুন




## মেসির 'দেহরক্ষী'কে দলে নেওয়ার প্রস্তাব মিয়ামির

সূর্যোদয় প্রতিবেদন

আর্জেন্টিনা জাতীয় দলের ম্যাচে লিওনেল মেসির আশপাশে সদা তৎপর রদ্রিগো ডি পল। মাঝমাঠের দায়িত্ব পালন করলেও অনেক সময় তাকে দেখা যায় যেন মেসির ব্যক্তিগত নিরাপত্তার দায়িত্বে রয়েছেন। মেসিকে কেন্দ্র করে কোনো ঘটনা ঘটলেই প্রতিবাদে মুখর হন এই মিডফিল্ডার। এজন্য ভক্তদের কাছে তিনি পরিচিত 'মেসির দেহরক্ষী' নামে।

এবার সেই ডি পলকে দলে টানতে চায় মেসির বর্তমান ক্লাব ইন্টার মিয়ামি। ইতোমধ্যেই দুই পক্ষের মধ্যে প্রাথমিক আলোচনা শুরু হয়েছে বলে জানিয়েছে ক্রীড়া সংবাদমাধ্যম ইএসপিএন। মেজর লিগ

৩-এর পৃষ্ঠা দেখুন




ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বুধবার, ৯ জুলাই ২০২৫ ইং

## ওষুধ সংকট  গ্রামীণ স্বাস্থ্য সেবার বড় ধাক্কা

মেহেরপুরের কমিউনিটি ক্লিনিকে ছয় মাস ধারে ওষুধের সংকট একটি গভীর উদ্বেগজনক ঘটনা। দেশের সবচেয়ে প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলো যখন জনগণের পাশে দাঁড়ানোর কথা, তখন ওষুধের অভাবে গ্রামবাসী বাধ্য হয়ে দুরকম জায়গায় স্বাস্থ্যসেবা নিতে গিয়ে অর্থনৈতিক ও শারীরিক দুর্দশার মুখে পড়ছেন। এটি শুধু একটি স্থানীয় সমস্যা নয়, বরং আমাদের সার্বিক গ্রামীণ স্বাস্থ্য ব্যবস্থার একটি বড় সংকেত। অর্থনৈতিক দুরবস্থায় ওষুধ কেনার সামর্থ্য না থাকা অবস্থায় কমিউনিটি ক্লিনিকের ভূমিকা অপরিহার্য। অথচ সেখানে ওষুধের অভাবে মানুষকে বড় বড় হাসপাতালে যেতে হচ্ছে, যা তাদের সময় ও খরচের বহুগুণ বৃদ্ধির কারণ। এতে গ্রামীণ মানুষের স্বাস্থ্যসেবা প্রাপ্তির স্বপ্ন হারিয়ে যাচ্ছে। সবার জন্য সমান ও সহজলভ্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করাই প্রকৃত উন্নয়নের মাপকাঠি। তাই মেহেরপুরের কমিউনিটি ক্লিনিকে ওষুধ সংকটের অবসান ঘটিয়ে সরকারকে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণে এগিয়ে আসতে হবে।মেহেরপুরে কমিউনিটি ক্লিনিকে ওষুধ সংকট  গ্রামীণ স্বাস্থ্যসেবার বড় ধাক্কা। সরকার বারবার গ্রামীণ উন্নয়নের কথাই বলে আসছে, কিন্তু মেহেরপুরের কমিউনিটি ক্লিনিকের এই সংকট দেখাচ্ছে বাস্তবতার ভয়ংকর চিত্র। যেখানে দরিদ্র মানুষ রোগাক্রান্ত অবস্থায় কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা নিতে আসছেন, সেখানে প্রয়োজনীয় ওষুধ না পাওয়া তাদের স্বাভাবিক চিকিৎসা প্রক্রিয়াকে ব্যাহত করছে। এতে রোগীরা হতাশার সঙ্গে সেবা থেকে দূরে সরে যাচ্ছেন, যা ভবিষ্যতে স্বাস্থ্যঝুঁকি বাড়াবে। সরকারকে এই সংকট অবিলম্বে সমাধানের জন্য কার্যকর পদক্ষেপ নিতে হবে। দ্রুত ওষুধ সরবরাহ নিশ্চিত করা এবং স্বাস্থ্যসেবা ব্যবস্থার দুর্বলতা দূর করা এখন সময়ের দাবি। গ্রামীণ জনসাধারণের জীবনযাত্রার উন্নয়নে প্রাথমিক স্বাস্থ্যসেবাকে শক্তিশালী করতে হবে, নয়তো স্বাস্থ্যগত বৈষম্য আরও গভীর হবে।

## মুক্তিযুদ্ধের চেতনা বিনষ্ট করেছে

যাতে পরের দিন জনগণের ওপর নিয়ন্ত্রণ সহজ হয়। এক রাতের টাকায় ভোট বেচা মানে পাঁচ বছরের জন্য দেশের দাসত্ব। যারা নিজের সন্তানের নিরাপত্তা বিদেশে নিশ্চিত করে আমাদের সন্তানদের রাজনীতির শিকার করে, দেশের রাজনীতিকে এমন হাইব্রিড নেতাদের হাত থেকে মুক্ত করতে হবে। যারা গম চুরি করে, রাস্তার টাকায় হজে যায়, তাদের ক্ষমতায় ফেরানো হবে না।" দেশপ্রেমের ভিত্তিতে জাতীয় স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়ে তিনি আরও বলেন, জনগণ পাশে থাকলে কেউ লন্ডন কিংবা দিল্লি পালাতে বাধ্য হবে না। আমাদের রাজনীতিকে কোনো বিদেশি শক্তির অধীনে রাখতে চাই না। ব্যবসায়ীদের কাছে রাজনীতি ভাড়া দেওয়া হবে না। আমরা জনগণের কাছ থেকে সংগ্রহ করা অর্থ জনগণের জন্যই ব্যবহার করব। নেতা হতে চাইলে ত্যাগ শিখতে হবে, চামচামি নয়।

## খামখেয়ালীত্বে সেতুতে ঝুঁকি


ব্যক্তিগত হস্তক্ষেপ এবং জমি অধিগ্রহণ প্রক্রিয়ার জটিলতা প্রকল্পের কাজে বাধা দিচ্ছে। বেশি দূর ঘুরে চলাচল করতে হচ্ছে জনসাধারণকে, ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন, আর শিক্ষার্থী ও রোগীরা সঠিক সময়ে গন্তব্যে পৌঁছাতে পারছেন না। দ্রুত সংযোগ সড়ক নির্মাণ না হলে বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা রয়েছে বলে জানান স্থানীয়রা। মেহেরপুর ও কুষ্টিয়ার বেতবাড়িয়া-মধুগাড়ি এলাকার প্রায় কয়েক লাখ মানুষের স্বপ্নের সেতুটি আজকাল দীর্ঘশ্বাসের প্রতীক হয়ে দাঁড়িয়েছে। ২০১৯-২০ অর্থবছরে বামন্দী আরএইচডি হতে প্রাগপুর জিসি ভায়া বেতবাড়িয়া-মধুগাড়িঘাট সড়কে মাথাভাঙা নদীর ওপর প্রায় সাড়ে ৭ কোটি টাকা ব্যয়ে ১১০ মিটার চেইনেজে ৭৫ মিটার দীর্ঘ পিএসসি গার্ডার সেতু নির্মাণকাজ শুরু হয় ঠিকাদারি প্রতিষ্ঠান কফিল অ্যান্ড কোহিনুর এন্টারপ্রাইজের মাধ্যমে। কাজটি ২০২০ সালের জুলাই মাসে শুরু হয়ে ২০২১ সালের শেষের দিকে শেষ হওয়ার কথা ছিল। তবে দুই বছরেরও বেশি সময় অতিক্রম করেও সেতুর মূল কাজ শেষ হলেও সংযোগ সড়ক নির্মাণ হয়নি। ভূমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতা এবং মন্ত্রনালয়ের তহবিল সঠিক সময়ে না পাওয়ায় সড়ক নির্মাণ বাধাগ্রস্ত হচ্ছে। সেতুর সংযোগ সড়ক না থাকায় এখনো স্থানীয়রা দীর্ঘ দূরত্ব পাড়ি দিয়ে মেহেরপুর ও কুষ্টিয়া জেলার মধ্যে যাতায়াত করছেন। কেউ কেউ জীবন ঝুঁকি নিয়ে অস্থায়ী রাস্তা বেয়ে সেতু পার হচ্ছেন। আবার অনেকে সেতুর উপর ফসল শুকিয়ে রাখছেন, যা স্থানীয়দের মধ্যে বিরক্তির কারণ হয়ে দাঁড়িয়েছে। সেতুর নকশা পরিবর্তন নিয়ে স্থানীয়রা ক্ষোভ প্রকাশ করছেন। বেতবাড়িয়া গ্রামের আনোয়ারুল ইসলাম বলেন, "প্রাথমিক পরিকল্পনায় রাস্তা সোজা হওয়ায় যাতায়াত সহজ হতো। কিন্তু সাবেক এমপি খোকেনের নির্দেশে নকশা পরিবর্তিত করে একাক বাঁকা করা হয়েছে, যা শুধু দুর্ঘটনার ঝুঁকি বাড়ায়নি, বরং সড়কে চলাচলকারীদের জন্য বড় ধরনের ঝুঁকিও সৃষ্টি করেছে। এতে করে সেতু পারাপারের সময় যানবাহনগুলো নিরাপদে চলাচল করতে পারছে না। আমরা এমপির এই খামখেয়ালীত্বের জন্য প্রতিদিন জীবনের ঝুঁকি নিয়ে চলাচল করছি।" জমি অধিগ্রহণ প্রক্রিয়াও স্থানীয়দের জন্য এক দুঃস্বপ্নে পরিণত হয়েছে। বীর মুক্তিযোদ্ধা ও জমির মালিক আমিরুল ইসলাম মোল্লা অভিযোগ করেন, "আমাদের জমি অধিগ্রহণের জন্য বহুবার জেলা ও উপজেলা প্রশাসনের অফিসে যেতে হয়েছে, সেখানে নানা ধরনের জটিলতা ও হয়রানির শিকার হতে হচ্ছে। কাগজপত্র জমা দিতে দিতে আমাদের দিনের কাজগুলো ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই অনিশ্চয়তা ও দীর্ঘসূত্রতা আমরা সহ্য করতে পারছি না। সরকার যেন দ্রুত সমস্যার ন্যায়সমাধান করে।" গরু ব্যবসায়ী ফজলু মিয়া বলেন, " সেতুর সংযোগ সড়ক না থাকায় আমাদের প্রতিদিন ৮ থেকে ১০ কিলোমিটার অতিরিক্ত পথ ঘুরে যাতায়াত করতে হয়, যা সময় ও অর্থ দুটোতেই ব্যাপক ক্ষতি। ব্যবসা-বাণিজ্যের জন্য সেতুটি এক অমূল্য সম্পদ হওয়ার কথা, কিন্তু এখন সেটা আমাদের জন্য বোঝা হয়ে দাঁড়িয়েছে।" একইভাবে বয়বৃদ্ধ, শিক্ষার্থী ও রোগীরা সেতুর অভাবে কষ্ট পাচ্ছে। সময়মতো স্কুলে পৌঁছানো বা চিকিৎসা কেন্দ্রে যাওয়া কঠিন হয়ে পড়েছে। সেতুর সংযোগ সড়ক নির্মাণ না হলে ভবিষ্যতে বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কাও রয়েছে বলে স্থানীয়রা আশঙ্কা প্রকাশ করেছেন। স্থানীয়রা সরকারের উচ্চ পর্যায় ও সংশ্লিষ্ট দপ্তরগুলোর প্রতি জোরালো আবেদন জানিয়েছেন, যেন তারা দ্রুত ভূমি অধিগ্রহণের জটিলতা দূর করে সেতুর সংযোগ সড়ক নির্মাণের কাজ শুরু করেন। পাশাপাশি সাবেক এমপি খোকেনের অবৈজ্ঞানিক হস্তক্ষেপ বন্ধ করে প্রকল্পের প্রথম নকশা ও বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত করার দাবি জানিয়েছে।

## কুষ্টিয়ার শীর্ষ চরমপন্থী নেতা লিপটন

প্রভাব বিস্তার করেন। ফলে রিমান্ডের নামে তাকে জামাই আদরে রেখে কারাগারে পাঠানো হয়। এ নিয়ে একটি জাতীয় দৈনিকে এক প্রতিবেদন প্রকাশ হলে তোলপাড় শুরু হয়। জানা গেছে, গত সোমবার দুপুরে ঝিনাইদহের আলোচিত তিন খুনের মামলায় তাদের গ্রেফতার (শ্যোন অ্যারেস্ট) ও রিমান্ড আবেদন করে পুলিশ। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মো. মোখলেসুর রহমান তাদের দুইজনকে গ্রেফতার দেখিয়ে জেলহাজতে প্রেরণ করেন। একই সঙ্গে মঙ্গলবার রিমান্ড শুনানির দিন ধার্য করেন।  গত ৬ জুন কুষ্টিয়ার দূর্বাচারা গ্রামে অভিযান চালিয়ে তিন সহযোগীসহ সন্ত্রাসী লিপটনকে গ্রেফতার করে সেনাবাহিনীর একটি দল। লিপটনের বিরুদ্ধে একাধিক হত্যা, গুম, অপহরণ ও চাঁদাবাজির মামলা রয়েছে বলে পুলিশ জানায়। তিনি কুষ্টিয়ার আওয়ামী লীগ নেতা মাহবুবউল আলম হানিফের আস্থাভাজন হিসেবে পরিচিত। জানা গেছে, গত ২১ ফেব্রুয়ারি শৈলকুপা উপজেলার রামচন্দ্রপুর শ্মশানঘাটে কতিপয় অস্ত্রধারী সন্ত্রাসী পূর্ববাংলার সামরিক কমান্ডার হানেফ আলী, লিটন ও রাইসুল ইসলামকে ব্রাশফায়ারে হত্যা করে। হত্যার পর জাসদের কালু বাহিনী পরিচয়ে ঝিনাইদহের গণমাধ্যমকর্মীদের কাছে খুদেবার্তা পাঠানো হয়।  আর এ ঘটনায় নিহত চরমপন্থী নেতা হানেফের ছোট ভাই সাজেদুল ইসলাম ইশা বাদী হয়ে শৈলকুপা থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। এই তিন খুনের সঙ্গে লিপটন ও রাজু জড়িত থাকতে পারে বলে পুলিশ সন্দেহ করছে। পুলিশের কাছে তথ্য রয়েছে, কালুর সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক লিপটনের। প্রশাসন ম্যানেজে রেখে কালুকে দিয়েই বিভিন্ন জায়গা থেকে চাঁদা আদায়ের কাজ করতো লিপটন। আর প্রতিপক্ষের সদস্যদের বিভিন্নভাবে ফাঁসাতেন। মামলার তদন্তকারী কর্মকর্তা শৈলকুপা থানার ওসি (তদন্ত) শাকিল আহম্মেদ জানান, তিন খুনের মামলায় লিপটন ও রাজুকে শোন-অ্যারেস্ট দেখানো হয়েছে। এ হত্যা মামলায় এখন পর্যন্ত ৯ জন গ্রেফতার হলেও কেউ আদালতে ১৬৪ ধারায় দায় স্বীকার করে জবানবন্দি দেয়নি। মঙ্গলবার লিপটন ও তার সহযোগী রাজুর দুই দিনের রিমান্ড মঞ্জুর হয়েছে। আরও জানা গেছে, ৯০ দশকে কলেজ ছাত্রলীগের মিছিল-মিটিংয়ের মাধ্যমে রাজনীতিতে হাতেখড়ি লিপটনের। পরবর্তীকালে দক্ষিণ-পশ্চিমাঞ্চলে সক্রিয় চরমপন্থি সংগঠন গণমুক্তিফৌজে নাম লেখান। কুষ্টিয়া শহরে প্রকাশ্যে জামাই বাবুসহ একাধিক ব্যক্তিকে হত্যা করে আলোচনায় আসেন লিপটন।  এরপর তার অপরাধ নেটওয়ার্ক আশপাশের জেলায় বিস্তৃত হয়। ফ্যাসিষ্ট আওয়ামী জামানায় কুষ্টিয়ার মাহবুবউল আলম হানিফকে ফুলের তোড়া দিয়ে প্রকাশ্যে আসেন চরমপন্থি নেতা লিপটন। বড় জনসভা করে হানিফকে সংবর্ধনা দেওয়া হয়। এরপর ঢাকায় হানিফের অফিসে বেশির ভাগ সময় কাটাতেন লিপটন। হানিফের চাচাতো ভাই আতাউর রহমান আতার সঙ্গে সখ্য গড়ে এলাকার রাজনীতি নিয়ন্ত্রণ করতেন তিনি। ভাই আলমগীর কবির বায়রন তার নানা অপকর্মের পৃষ্ঠপোষক বলে অভিযোগ আছে।

# মেহেরপুরের সংবাদযুদ্ধঃ পেশাদারিত্ব না নাগরিক সাহস

মাহবুবুল হক পোলেন



মেহেরপুরে সংবাদ পরিবেশনের দু'টি শক্তির মধ্যে এখন একটি অদৃশ্য যুদ্ধ চলছে। একদিকে মূলধারার পেশাদার সাংবাদিকরা আছেন, যাঁরা বহু বছর ধরে স্থানীয় ঘটনা পাঠকের কাছে পৌঁছে দিতে নিয়ম ও দায়িত্বের সঙ্গে কাজ করে আসছেন। অন্যদিকে নতুন প্রজন্মের মোবাইল হাতে সাধারণ মানুষ বা নাগরিক সাংবাদিকেরা উঠে আসছেন, যাঁরা সাহস ও প্রযুক্তি ব্যবহার করে ঘটনা তুলে ধরছেন সরাসরি সামাজিক মাধ্যমে। মূলধারার সাংবাদিকতা যেখানে নির্ভরযোগ্যতা, যাচাই-বাছাই ও দায়িত্বের ওপর জোর দেয়, সেখানে মোজ সাংবাদিকতা দ্রুততা, সরলতা এবং গণমুখী হওয়ায় দৃষ্টি আকর্ষণ করছে। মেহেরপুরের প্রত্যন্ত গ্রাম থেকে শুরু করে শহরের ব্যস্ত রাস্তা যে কোনো অসঙ্গতি, অব্যবস্থা, বা অন্যায় মুহূর্তেই মোবাইল ক্যামেরায় বন্দী হয়ে ফেসবুক লাইভ কিংবা ইউটিউব ভিডিওতে রূপ নেয়। এটি প্রশাসন এবং জনসাধারণের মনোযোগ তাড়াতেই কার্যকর। উদাহরণস্বরূপ, সম্প্রতি মুজিবনগরের একটি গ্রামে ফেসবুকে লাইভে ধরা পড়েছে রাস্তার দীর্ঘদিনের ভাঙন এবং বৃষ্টির পানি জমে যানজট। এ ঘটনায় সামাজিক মাধ্যমে ক্ষোভের সৃষ্টি হয় এবং স্থানীয় প্রশাসন দ্রুত মেরামতের উদ্যোগ নেয়। এছাড়া জয়পুরের একটি সরকারি বিদ্যালয়ে শিক্ষক অবর্তমানে পড়ুয়াদের ঝুঁকি নিয়ে ক্লাস চালানোর ভিডিও মোজ সাংবাদিকদের মাধ্যমে ভাইরাল হয়, যা শিক্ষা বিভাগে তদন্ত শুরু করায়। তবে মোজ সাংবাদিকতার এই তরঙ্গের সাথে যুক্ত রয়েছে তথ্য যাচাইয়ের অভাব এবং কখনো কখনো পক্ষপাতদুষ্ট উপস্থাপনার ঝুঁকি। অপরদিকে, মূলধারার সাংবাদিকরা প্রায়ই প্রযুক্তিগত দক্ষতার অভাবে, আর্থিক অনিশ্চয়তায় ও রাজনৈতিক প্রভাবের কারণে তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করতে পারছেন না। ফলে অনেক গুরুত্বপূর্ণ ঘটনা সংবাদমাধ্যমে পৌঁছানো দেরিতে হচ্ছে বা হচ্ছে না।
এই দুই ধারার মধ্যে দ্বন্দ্ব নয়, বরং সমন্বয় গড়ে তোলা উচিত। মূলধারার সাংবাদিকরা যদি প্রযুক্তি গ্রহণ করে দ্রুততা অর্জন করেন আর মোজ সাংবাদিকরা সাংবাদিকতার মৌলিক নীতি ও দায়িত্ববোধ বজায় রাখেন, তাহলে মেহেরপুরের সংবাদ পরিবেশ হবে আরও শক্তিশালী ও বিশ্বাসযোগ্য। স্থানীয় প্রশাসন, সাংবাদিক সংগঠন ও সমাজের বিভিন্ন স্তরের সহযোগিতায় এমন সমন্বয় প্রতিষ্ঠিত হলে নাগরিক সাংবাদিকতা এবং পেশাদার সাংবাদিকতার মধ্যকার ফাঁক বন্ধ হবে। এতে মেহেরপুরের জনগণ সঠিক তথ্য পাবে এবং সমাজে জবাবদিহিতা বাড়বে।
সংক্ষেপে, মেহেরপুরের সাংবাদিকতায় পেশাদারিত্ব এবং নাগরিক সাহস দুটোই অপরিহার্য। একসঙ্গে এটিকে গড়ে তুলতে হবে একটি আরও জবাবদিহিমূলক ও গণমুখী সংবাদ পরিবেশ। (লেখক : ভারপ্রাপ্ত সম্পাদক, আমাদের সূর্যোদয় ও জেলা প্রতিনিধি বাংলাদেশ প্রতিদিন)

# অন্যায়ের প্রতিবাদ অন্যায়ভাবে নয়

## মুফতি রফিকুল ইসলাম আল মাদানি

বাংলাদেশ একটি হাজার বছরের ঐতিহ্যের দেশ, যেখানে নানা ধর্ম, বর্ণ ও জাতির মানুষ মিলেমিশে শান্তিতে বসবাস করে আসছে। এখানে সবাই সমান অধিকার ও মানবিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল। তবে আজকের দিনে কিছু স্বার্থান্বেষী গোষ্ঠী জনতার আবেগকে ব্যবহার করে হিংস্রতা ও বিশৃঙ্খলা সৃষ্টি করছে, যাকে আমরা 'মব সন্ত্রাস' হিসেবে চিনি। এই মব সন্ত্রাসীরা সামাজিক মাধ্যমেও গুজব ছড়িয়ে দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে নিয়ে যায়। তারা বিচারকে নিজেদের হাতে তুলে নিয়ে নিরীহ মানুষকে পিটিয়ে, তাদের সম্পদ লুটে এবং ভয়াবহ পরিস্থিতি সৃষ্টি করে। এতে সাধারণ মানুষ নিরাপত্তাহীনতায় ভুগছে আর দেশের শান্তি শৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে।ইসলাম এমন আচরণকে কড়া ভাবে নিন্দা করেছে। পবিত্র কোরআনে বলা হয়েছে, 'কোনো খবর পেলে আগে যাচাই করো, অজানা কারণে কারো ক্ষতি করো না।' (সূরা আল হুজরাত-৬) গুজব ছড়ানো সমাজে দ্বন্দ্ব ও ঘৃণা বাড়ায়, যা ইসলামের নীতির পরিপন্থী।
রাসুলুল্লাহ (সা.) বলেছেন, মিথ্যা কথা ছড়িয়ে দেয়া এক ভয়ানক অপরাধ। তাই সন্দেহজনক বিষয় থেকে দূরে থাকা আমাদের কর্তব্য। কারণ সন্দেহভাজন কাজ থেকে দূরে থাকলেই আমরা আমাদের ধর্ম ও সম্মান রক্ষা করতে পারি।
মোবাইল ও সামাজিক মাধ্যমে গুজব ছড়ানো, বিচার নিজ হাতে নেওয়া এসবই সামাজিক ও ধর্মীয় অপরাধ। বিচার ও শাস্তির দায়িত্ব রাষ্ট্রের নির্ধারিত কর্তৃপক্ষের হাতে। ব্যক্তিগত প্রতিশোধ নেওয়ার সুযোগ থাকলেও তা অবশ্যই বিচার ব্যবস্থার আওতায় হতে হবে।
অন্যায়ের প্রতিবাদ করার অধিকার রয়েছে, কিন্তু তা অন্যায়ভাবে নয়, ন্যায় ও নিয়ম অনুসারে করতে হবে। ইসলাম অন্যায়ের প্রতিবাদের জন্য তিনটি স্তর নির্ধারণ করেছে:

১) সামর্থ্য থাকলে শক্তি প্রয়োগ করে প্রতিরোধ,
২) না পারলে কণ্ঠে প্রতিবাদ,
৩) তাও না হলে অন্তরে ঘৃণা রেখে যথাযথ পরিকল্পনা করা।

তবে সবসময় মনে রাখতে হবে অবাধ ও অযাচিত প্রতিক্রিয়া ফিতনার কারণ হয়, যা নাশকতা সৃষ্টি করে এবং সমাজকে ধ্বংস করে। মহান আল্লাহ বলেছেন, 'ফিতনা (অশান্তি) হত্যার চেয়ে ভয়ংকর।' (সূরা আল-বাকারাহ-১৯১)
অতএব, অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ অবশ্যই ন্যায়সংগত ও শান্তিপূর্ণ হওয়া উচিত। মব সন্ত্রাস থেকে মুক্তি পেতে আমাদের দরকার একটি শক্তিশালী ও বিশ্বাসযোগ্য বিচার ব্যবস্থা। আইন নিজের হাতে নেয়া বা বিচার এড়িয়ে যাওয়া দুয়েটাই সমাজের জন্য ক্ষতিকর।
সর্বোপরি, শান্তি ও ন্যায় প্রতিষ্ঠাই আমাদের সবার লক্ষ্য হওয়া উচিত। (লেখক : গবেষক, ইসলামিক রিসার্চ সেন্টার বসুন্ধরা, ঢাকা)

## গাংনী হাসপাতালের শূন্যতায় ফুলে-

আধুনিক ভবন। এতে ৩০টি চিকিৎসক পদের অনুমোদন থাকলেও কর্মরত আছেন মাত্র ৭ জন। এর মধ্যে কনসালটেন্ট মাত্র ২ জন। জরুরি বিভাগের (ইমার্জেন্সি মেডিকেল অফিসার) পদটি দীর্ঘদিন ধরে শুন্য। ফলে ইনডোর ও আউটডোর চিকিৎসা চালানো হচ্ছে সেকমো ও সাব-সেন্টারের চিকিৎসকদের দিয়ে। স্থানীয়রা জানান, অপারেশন থিয়েটারটি সুসজ্জিত, যন্ত্রপাতিও রয়েছে, কিন্তু অপারেশন হয় না। অথচ এই স্বাস্থ্য কমপ্লেক্সের কয়েকজন চিকিৎসক নিয়মিত বাইরের ক্লিনিকে অপারেশন করছেন। কিন্তু সরকারিভাবে তাদের দিয়ে অপারেশন করানোর অনুমতি নেই বলে জানিয়েছেন কর্তৃপক্ষ। এ সুযোগেই ফায়দা নিচ্ছে স্থানীয় কিছু ক্লিনিক। শিমুলতলার মনিরুল ইসলাম জানান, তার ভাবীর সিজারিয়ান অপারেশন করতে হয়েছে গাংনীর রাজা ক্লিনিকে, খরচ হয়েছে ১৬ হাজার টাকা। মিনাপাড়ার আজিবুলের স্ত্রীকেও সেখানে অপারেশন করাতে হয়েছে, তার খরচ হয়েছে ১৪ হাজার টাকা। তারা বলেন, সরকারি হাসপাতালে সেবা পেলে এসব খরচ হতো না। চিকিৎসক সংকট ছাড়াও হাসপাতালের অব্যবস্থাপনা ও অবকাঠামোগত সমস্যার কারণে রোগীরা নানাভাবে হয়রানির শিকার হচ্ছেন। বিদ্যুৎ চলে গেলে ওয়ার্ডে নেমে আসে অন্ধকার। হারিকেন থাকলেও জ্বালানোর তেল না থাকায় তা জ্বলে না। জেনারেটরটি বহুদিন ধরেই অচল অবস্থায় পড়ে রয়েছে। রাতে হাসপাতাল চত্বরে মাদকসেবীদের আনাগোনা দেখা যায়। ওয়ার্ডে ময়লা-আবর্জনা ও দুর্গন্ধে রোগীরা অতিষ্ঠ। স্থানীয় সূত্রে আরও জানা গেছে, পূর্বে কিছু অভিজ্ঞ ও সেবামনস্ক চিকিৎসক বদলি হয়ে এলেও স্থানীয় প্রভাবশালী ক্লিনিক মালিকদের চাপ ও হুমকির মুখে তারা টিকতে পারেননি। এমনকি হামলা ও লাঞ্ছনার ঘটনাও ঘটেছে বলে অভিযোগ রয়েছে। এতে চিকিৎসকরাও নিরাপত্তাহীনতায় ভুগে অন্যত্র চলে যান। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডা. মাসুদুর রহমান বলেন, "চিকিৎসক সংকটের বিষয়টি আমরা বারবার উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়ে আসছি। অপারেশন চালু করতে হলে কিছু সরকারি বিধি-নিষেধ রয়েছে। জনবল পাওয়া গেলে অপারেশন পুনরায় চালু করা হবে।" স্থানীয় সচেতন মহল বলছেন, কোটি টাকা ব্যয়ে নির্মিত আধুনিক ভবন ও সরঞ্জাম থাকার পরও যদি সাধারণ মানুষ চিকিৎসাসেবা না পান, তবে তা দুর্ভাগ্যজনক। দ্রুত চিকিৎসক নিয়োগ, অপারেশন চালু এবং ব্যবস্থাপনা সংস্কার জরুরি হয়ে পড়েছে।

## পিরোজপুর ইউনিয়নে সেলাই মেশিন,

মিলনায়তনে অনুষ্ঠিত বিতরণ অনুষ্ঠানে সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খাইরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব সামগ্রী বিতরণ করেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ ইকবাল এনামুল কবির। অনুষ্ঠানে পিরোজপুর ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা এরশাদ আলী, ইউপি সদস্য আনেয়ারুল ইসলাম, প্রধান শিক্ষক আবুল কাশেমসহ অন্যান্য স্থানীয় নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। এই কার্যক্রমের মাধ্যমে ১৪ টি সেলাই মেশিন, ২৫ টি ফুটবল, ৮ টি ক্রিকেট সেট, ২৫ টি ভলিবল ও ১২০ টি স্প্রে মেশিন বিতরণ করা হয়। এতে করে শিক্ষার্থী ও খেলোয়াড়দের সহায়তা এবং কৃষকদের আধুনিক স্প্রে মেশিন পাওয়ার মাধ্যমে কৃষি উন্নয়নে বড় ধরনের সহায়তা নিশ্চিত হয়েছে। অনুষ্ঠানে পিরোজপুর ইউপি সদস্য আমিরুল ইসলাম, কাল মিয়া, রহিদুল ইসলাম, আসাদুল ইসলাম, ইস্কান্দার মোহাম্মদ বিপ্লব, আজিজুল ইসলাম বেল্টু, শাহিনুর খাতুন শাহিন, আশান্নুরী, আমেনা খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন।

## সঞ্চয়পত্রের মুনাফার হার কমানোর

বেতন ও টিউশনি থেকে আয় হওয়ার পর অতিরিক্ত কিছু অর্থ সঞ্চয়পত্রে বিনিয়োগ করে থাকেন। এ থেকে পাওয়া মুনাফাই তাদের পরিবার পরিচালনার একটি নির্ভরযোগ্য উপার্জনের উৎস। শফিউল্লাহর অভিযোগ, "আমার সংসারের আয় হিসেবের ওপর ভিত্তি করে চলে। যদি সঞ্চয়পত্রের মুনাফা কমে যায়, তাহলে পরিবারের দৈনন্দিন ব্যয়, মায়ের ওষুধ কেনাড় সবকিছু কিভাবে চলবে?" বর্তমানে দেশে মূল্যস্ফীতির উর্ধ্বগতি রয়েছে। যেটা সীমিত আয়ের মানুষের জীবনযাত্রাকে করুণ করে তুলছে। একই সঙ্গে সরকারের বাজেটে করমুক্ত আয়ের সীমা বৃদ্ধি না করায় মধ্যবিত্ত ও নিম্ন আয়ের মানুষজনের ওপর আর্থিক চাপ বাড়ছে। এর ফলে সঞ্চয়পত্রের মুনাফা কমানোর সিদ্ধান্ত তাদের আর্থিক স্থিতিশীলতায় বিরূপ প্রভাব ফেলেছে। অর্থনীতিবিদ অধ্যাপক এম এম আকাশ বলছেন, "সঞ্চয়পত্র ঝুঁকিমুক্ত বিনিয়োগের অন্যতম মাধ্যম। বিশেষ করে ছোট পেনশনভোগী এবং সীমিত আয়ের মানুষজনের জীবনের নিরাপত্তার জন্য এটি অত্যন্ত জরুরি। তাদের মুনাফা কমালে জীবনযাত্রার ওপর সরাসরি চাপ পড়বে। এটি সঠিক নীতি নয়।" সরকার গত জানুয়ারি মাসে সঞ্চয়পত্রের মুনাফার হার কিছুটা বাড়ানোর ঘোষণা দিয়েছিল এবং প্রতি ছয় মাস পর পর মুনাফার হার পুনঃনির্ধারণের কথাও বলা হয়েছিল। তবে এই হারের ওঠানামা মধ্যবিত্ত পরিবারগুলোর আয়-ব্যয়ের হিসেবকে প্রভাবিত করে। বিশ্লেষকরা সতর্ক করছেন, দীর্ঘমেয়াদে এ ধরনের নীতি পরিবর্তন দেশের ঝুঁকিমুক্ত বিনিয়োগে মানুষের আস্থা ক্ষুণ্ন করতে পারে এবং সামগ্রিক অর্থনীতির ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে।
সঞ্চয়পত্রের মুনাফার হার কমানো একটি অর্থনৈতিক প্রয়োজনে আনা সিদ্ধান্ত হলেও এটি দেশের সীমিত আয়ের মানুষজনের জীবনযাত্রার ওপর কঠিন প্রভাব ফেলবে। তাই ভবিষ্যতে এই ধরনের নীতির প্রয়োগের সময় সমাজের সব শ্রেণির দৃষ্টিকোণ বিবেচনায় নেওয়া আবশ্যক বলে বিশেষজ্ঞরা মত দেন।

## মেহেরপুর তহবাজার ব্যবসায়ী

ভোটগ্রহণ শেষে সেদিনই ফলাফল ঘোষণা করা হবে। নির্বাচন পরিচালনা কমিটির সদস্য ওয়াজেদুল হক জেদু ও শাহনেওয়াজ উদ্দিন বকুল সভায় উপস্থিত ছিলেন। খসড়া ভোটার তালিকার আপত্তি দাখিলের দিন আজ বুধবার বিকাল ৪ টা থেকে রাত ৮ টা পর্যন্ত।  আপত্তি নিস্পত্তি হবে ১০ জুলাই বৃহস্পতিবার  সকাল ১১ টায় সমিতির কার্যলয়ে। এ ছাড়া
১২ জুলাই  চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ, ১৩-১৪ জুলাই: মনোনয়নপত্র সংগ্রহ (বিকাল ৪টুারাত ৮টা) , ১৫ জুলাই: মনোনয়নপত্র দাখিল (বিকাল ৪টারাত ৮টা), ১৭-১৮ জুলাই: মনোনয়নপত্র বাছাই (বেলা ১১টা), ১৯ জুলাই বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ (বিকাল ৪টুারাত ৮টা), ২০ জুলাই: আপত্তি দাখিল, ২১ জুলাইআপত্তি নিস্পত্তি, ২২ জুলাই: মনোনয়নপত্র প্রত্যাহার,৪ জুলাই চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ও প্রতীক বরাদ্দ, ১০ আগস্ট সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত ভোট গ্রণ  ভোটগ্রহণ করা হবে। ভোট গ্রহণ শেষে ফলা ফল ফলাফল ঘোষণা হবে। নির্বাচনকে ঘিরে ব্যবসায়ী মহলে উৎসবমুখর পরিবেশ তৈরি হয়েছে।

## মেহেরপুরে পুকুরে বিলীন দক্ষিণ

বর্ষাকালে রাস্তাটি পানির নিচে থাকায় ঝুঁকি নিয়ে হাঁটতে হচ্ছে এলাকাবাসীকে। অনেক সময় শিশুরাও দূরে থেকে শিক্ষা প্রতিষ্ঠানে যেতে বাধ্য হয়ে বিপদে পড়েন। এলাকাবাসী অভিযোগ করেন, বহুবার তারা সংশ্লিষ্ট প্রশাসন ও জনপ্রতিনিধিদের কাছে রাস্তাটির সংস্কার ও পাশে বাঁধ নির্মাণের জন্য আবেদন করেও কোনো স্থায়ী উদ্যোগ নেওয়া হয়নি। এর ফলে তারা এখনোও দিনের পর দিন চলাচলে দুর্ভোগ পোহাচ্ছেন।
স্থানীয়রা সরকারের কাছে দাবি করেন, অবিলম্বে রাস্তাটি মেরামত করে পাশে মজবুত বাঁধ নির্মাণের মাধ্যমে নিরাপদ ও স্থায়ী যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করতে হবে। বিশেষ করে শিশু, বৃদ্ধ ও অসুস্থদের চলাচলকে সহজ ও ঝুঁকিমুক্ত করার ব্যবস্থা গ্রহণের ওপর জোর দেওয়া হয়েছে।
জোলপাড়ার বাসিন্দা মজনু মিয়া বলেন, "আমাদের এলাকায় কোনো উন্নয়ন হয় না। রাস্তা ধসে যাওয়ায় স্কুলগামী শিশুরা সমস্যায় পড়ছে, বয়স্করা নামাজে যাওয়ার সময় ঝুঁকিতে থাকে। প্রশাসন আমাদের কথা শুনুক, আর আমাদের ভোগান্তি কমাক।" অন্য এক বাসিন্দা শিরীন খাতুন বলেন, "আমরা চাই আমাদের এই দুর্দশার অবসান হোক। নিরাপদ সড়ক চাই, যাতে আমরা স্বাভাবিক জীবন যাপন করতে পারি।" সদর উপজেলার সংশ্লিষ্ট সরকারি অফিসারগণ জানান, রাস্তাটির পরিস্থিতি সম্পর্কে তারা অবগত আছেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে। তবে সঠিক সময় নির্ধারণ এখনও সম্ভব হয়নি। এদিকে এলাকাবাসী এখনো অপেক্ষার প্রহর গুনছেন। তারা আশাবাদী, দ্রুত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাদের সমস্যার স্থায়ী সমাধান করবেন এবং তাদের যাতায়াত নিরাপদ করে দেবেন।

## সাংবাদিকদের ওপর হামলার নিন্দা

সংগঠনটি। বিবৃতিদাতাদের মধ্যে রয়েছেন কৌশিক দে, আনিছুর রহমান কবির, মুহাম্মাদ নুরুজ্জামান, অভিজিৎ পাল, রকিবুল ইসলাম মতি, শিশির রঞ্জন মল্লিক, তরিকুল ইসলাম ডালিম, মো. শামীম হোসেন, আবু হেনা মোস্তফা জামাল পপলু, মো. হাবিবুর রহমান, মেহেদী মাসুদ খান, মো. মামুন হাচান, এস. এম. মাহবুবুর রহমান প্রমুখ।

## গাংনীর সাকিল এখন সুপ্রিম কোর্টের পিপি

সলিসিটর অনুবিভাগের জিপি ও পিপি শাখা থেকে ৭ জুলাই জারি করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে সানা মো. মাহরুফ হুসাইন স্বাক্ষর করেন।
সাকিল আহমাদ বর্তমানে বাংলাদেশ সুপ্রিম কোর্টে আইনজীবী হিসেবে দায়িত্ব পালন করছেন। পাশাপাশি তিনি জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর কেন্দ্রীয় কমিটির যুগ্ম মুখ্য সংগঠক হিসেবেও যুক্ত আছেন। সম্প্রতি তিনি গাংনী পাইলট স্কুল অ্যান্ড কলেজের ব্যবস্থাপনা কমিটির সভাপতির দায়িত্বও গ্রহণ করেছেন। তার এ অর্জনে মেহেরপুরের সর্বস্তরের মানুষ, রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ অভিনন্দন জানিয়েছেন।

## মেহেরপুরে কারারক্ষী কারাদণ্ড

অবস্থান করছে। পুলিশ ঘটনাস্থলে পৌঁছালে দুইজন পালিয়ে যাওয়ার চেষ্টা করে। এসময় কনস্টেবল মাসুদ হাসান ধাওয়া করে একজনকে আটক করেন, যিনি নিজেকে সাবেক কারারক্ষী মোঃ আব্দুল আলিম বিশ্বাস বলে পরিচয় দেন। তল্লাশি করে তার গেঞ্জির বুক পকেট থেকে ৬৫ পিস ইয়াবা ও একটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। অপর পলাতক ব্যক্তি মোঃ সেন্টু রহমান বলে শনাক্ত হন। তদন্তে বেরিয়ে আসে, মোঃ সেন্টু রহমান একজন পেশাদার অপরাধী। তার বিরুদ্ধে গাংনী ও কুষ্টিয়া থানায় বিশেষ ক্ষমতা আইন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে সাতটি মামলা বিচারাধীন রয়েছে। পরে আসামিদের বিরুদ্ধে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের আওতায় জি.আর-১৬৮/২০২০ রজু হয়।

## গাংনীতে পাট প্রশিক্ষণে 'ভুয়া চাষি'

প্রশিক্ষণের তালিকায় নাম থাকলেও অনেকেই জানেনই না কখন বা কোথায় প্রশিক্ষণ হয়েছে। আর মাঠে পাট না করলেও অংশ নিয়েছেন জনপ্রতিনিধি, রাজনৈতিক কর্মী ও কিছু স্থানীয় সাংবাদিক। তারা প্রশিক্ষণ বাবদ পেয়েছেন ভাতাও। এক কৃষক বলেন, "আমার নাম লিস্টে, কিন্তু আমাকে কেউ কিছু জানায়নি। অথচ পাশের বাড়ির এক সাংবাদিক প্রশিক্ষণ করে ভাতা পেয়েছেন!" জানা গেছে, অনেক সময় এসব তালিকা কেন্দ্রীয়ভাবে তৈরি হয়। মাঠপর্যায়ে যাচাই না করেই তা কার্যকর করা হয়। এতে প্রকৃত কৃষক বাদ পড়ে যান। জেলা বস্ত্র ও পাট কর্মকর্তা হারুন-অর-রশিদ বলেন, "আমি কিছু জানি না। বিস্তারিত জানেন গাংনীর উপসহকারী পাট কর্মকর্তা।" উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন প্রশিক্ষণের উদ্বোধন করলেও এ বিষয়ে কোনো মন্তব্য করতে চাননি। স্থানীয় পাট চাষিদের দাবি, এই ধরনের অনিয়ম শুধু সরকারি টাকার অপচয় নয়, প্রকৃত কৃষকদের সঙ্গে বড় ধরনের অন্যায়। তারা ঘটনার তদন্ত ও জড়িতদের শাস্তি দাবি করেছেন।

## ৯ জুলাই : সারাদেশে সকাল-সন্ধ্যা

কর্মসূচি চলবে। সড়কপথ ও রেলপথ বাংলা ব্লকেডের আওতাভুক্ত থাকবে। 'বাংলা ব্লকেড'-এর কেন্দ্রীয় কর্মসূচি পালিত হবে ঢাকা বিশ্ববিদ্যালয় ও শাহবাগ এলাকায়। সকাল ১০টায় আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে জমায়েত হবো। তারপর 'ব্লকেড' কর্মসূচি পালনের জন্য শাহবাগ মোড়ে যাবো।
তিনি বলেন, নিজ উদ্যোগে শিক্ষার্থীরা এই আন্দোলনে নামেনি। এই ইস্যুতে সরকার নিশ্চুপ থাকার কারণে এই ধরনের কর্মসূচি দিতে বাধ্য হয়েছে আন্দোলনকারীরা। সরকারের পক্ষ থেকে কোনো আশ্বাস পাই নাই বলেই আমাদের এই আন্দোলন। আমরা কোটা বাতিল চাই না, অনগ্রসর শ্রেণির জন্য ৫-১০ শতাংশ কোটা রেখে বাকিগুলো রদ করতে হবে।
সরকারি চাকরিতে কোটাব্যবস্থা বাতিলে ২০১৮ সালে সরকারের জারি করা পরিপত্র পুনর্বহালের দাবিতে ২০২৪ সালের ১ জুলাই থেকে আন্দোলনে নামেন শিক্ষার্থীরা। ৭ জুলাই থেকে তারা রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে সড়ক অবরোধ করে 'বাংলা ব্লকেড' কর্মসূচি পালন করেন। মঙ্গলবার তারা 'বাংলা ব্লকেড' বন্ধ রেখে 'গণসংযোগ' কর্মসূচি পালন করেন। এদিন সমন্বয়নকরা দেশের বিভিন্ন জায়গার শিক্ষার্থীদের সঙ্গে আনলাইনে গণসংযোগ চালান।
এদিকে ৯ জুলাই কোটা পুনর্বহাল সংক্রান্ত হাইকোর্টের রায় স্থগিত চেয়ে আপিল বিভাগে আবেদন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী। তবে ছাত্রদের সংবাদ সম্মেলন থেকে জানানো হয়, যারা আপিল করেছেন, তারা এই বৈষম্য বিরোধী আন্দোলনের কেউ নয়।
এদিন কোটা আন্দোলন নিয়ে সাবেক আইনমন্ত্রী আনিসুল হক বলেছিলেন, 'কোটা ইস্যুতে সরকারের সিদ্ধান্তের ব্যাপার নেই, এ ইস্যু এখন সর্বোচ্চ আদালতের কাছে। রাজপথে আন্দোলন করে এটার নিরসন হবে না।'
একইদিন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের সারাদেশে দলের নেতাকর্মীদের শিক্ষার্থীদের আন্দোলনের ব্যাপারে সতর্ক থাকার নির্দেশ দেন।
এদিন কোটাব্যবস্থা সংস্কারের দাবিতে দুপুরে মানববন্ধন করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থীরা। বুয়েটের শহীদ মিনারে ১৯ ব্যাচের শিক্ষার্থীরা এই মানববন্ধনের আয়োজন করেন।
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে গণসংযোগ করেন শিক্ষার্থীরা। সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারে অবস্থান কর্মসূচি ও দুপুর ১২টার দিকে ৫টি ছাত্রী আবাসিক হলে গণসংযোগ চালান তারা।
এদিকে সাভারে ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বিকেল পৌনে চারটার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক সংলগ্ন মহাসড়ক আধা ঘণ্টা ধরে আটকে রেখে বিক্ষোভ করেন তারা।
মঙ্গলবার অবস্থান কর্মসূচি পালন করেন রাজশাহী কলেজের শিক্ষার্থীরা। দুপুর ১২টার দিকে কলেজ গেটের সামনের সড়ক অবরোধ করে রাখেন শিক্ষার্থীরা। এছাড়াও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা পৌনে চারটার দিকে চট্টগ্রাম নগরের ষোলশহর রেলস্টেশনে রেললাইন অবরোধ করেন। এতে কক্সবাজার থেকে ঢাকার উদ্দেশে ছেড়ে আসা পর্যটক এক্সপ্রেস ট্রেনটি  আধা ঘণ্টা অবরোধ করে রাখেন শিক্ষার্থীরা।
৯ জুলাই বেলা সাড়ে ৩টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্যারিস রোডে অবস্থান কর্মসূচি পালন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বেলা আড়াইটার দিকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। পরে একাডেমিক ভবনের সামনে সমাবেশ করেন তারা। সমাবেশ শেষে বিশ্ববিদ্যালয়ের মূল ফটকে বরিশাল-কুয়াকাটা মহাসড়ক অবরোধ করে স্লোগান দেন তারা।
এদিন হবিগঞ্জেও বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছেন শিক্ষার্থীরা। দুপুরে শহরের প্রাণকেন্দ্রে সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে এ বিক্ষোভ মিছিল ও মানববন্ধন অনুষ্ঠিত হয়।

## জরায়ু ফাইব্রয়েড রোগীদের খাদ্যাভাস

ক্ষেত্রে সাদা চাল ও সাদা আটার পরিবর্তে বাদামি চাল, গোটা শস্য ও ওটস গ্রহণ করার পরামর্শ দেওয়া হয়। এগুলো শরীর থেকে অতিরিক্ত ইস্ট্রোজেন এবং টক্সিন বের করতে সাহায্য করে। গ্রিন টি নিয়মিত পান করা জরায়ু ফাইব্রয়েড রোগীদের জন্য বিশেষ উপকারী। এতে থাকা অ্যান্টিঅক্সিডেন্ট ফাইব্রয়েডের কারণে হওয়া ভারী রক্তপাত কমাতে সাহায্য করে। এছাড়া আপেল সাইডার ভিনেগার শরীরকে ডিটক্সিফাইং করতে সাহায্য করে; এটি সরাসরি খেতে না পারলে সালাদে মিশিয়ে খাওয়ার পরামর্শ রয়েছে। বিশেষজ্ঞরা আরও জানান, ফাইব্রয়েড রোগীরা যেন বেশি তেলতেলে ও প্রক্রিয়াজাত খাবার এড়িয়ে চলেন এবং খাদ্যে পরিমিত চিনি রাখেন। সঠিক খাদ্যাভাসের মাধ্যমে রোগের অগ্রগতি নিয়ন্ত্রণে রাখা সম্ভব।

## গাংনীতে প্রকল্পের সভাপতি  পিআইও

আইনগত ব্যবস্থা নেওয়া হবে।" দুর্যোগ ও ত্রাণ অধিদপ্তরের মহাপরিচালক রেজওয়ানুর রহমান মুঠোফোনে বলেন, "যদি কোনো পিআইও দুর্নীতির সঙ্গে জড়িত থাকেন, তাহলে তাঁর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।"

## হাসপাতালে দালালচক্র সক্রিয়,

হোসেন, শ্যামপুরের ইমরান হোসেন (২৪) ও গোপালপুরের শাকিল হোসেন (২৫)। তারা দীর্ঘদিন ধরে হাসপাতালে চিকিৎসা নিতে আসা সাধারণ রোগী ও তাদের স্বজনদের টার্গেট করে বিভিন্ন প্রলোভন দেখিয়ে অর্থ হাতিয়ে নিচ্ছিল। প্রাথমিক জিজ্ঞাসাবাদে ধৃতরা স্বীকার করেছে, তারা 'দ্রুত চিকিৎসা পাওয়া', 'সিরিয়াল নিশ্চিত করা', 'ভর্তি করিয়ে দেওয়া' কিংবা 'ওষুধ সহজে সংগ্রহ করে দেওয়া'র নাম করে সাধারণ মানুষকে প্রতারণা করত। তারা কখনো কখনো হাসপাতাল কর্মচারীদের নামও ব্যবহার করত বিশ্বাস অর্জনের জন্য। আটকের পর তাদের মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়েছে এবং আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে। বাংলাদেশ সেনাবাহিনী জানিয়েছে, স্বাস্থ্যসেবার স্বচ্ছতা ও মান বজায় রাখতে এমন অভিযান ভবিষ্যতেও চলবে। দালাল বা প্রতারক চক্র সম্পর্কে তথ্য পেলে সেনাবাহিনী বা আইন-শৃঙ্খলা বাহিনীকে জানানোর আহ্বান জানানো হয়েছে। এদিকে সাধারণ জনগণ সেনাবাহিনীর এ উদ্যোগকে স্বাগত জানিয়েছে। স্থানীয়রা বলেন, দীর্ঘদিন ধরে এসব দালালের দৌরাত্ম্যে রোগীরা হয়রানির শিকার হচ্ছিল। অভিযান চলমান থাকলে হাসপাতাল ব্যবস্থাপনায় শৃঙ্খলা ফিরবে এবং সেবার মান বৃদ্ধি পাবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন।

## বাংলাদেশ সফরে পাকিস্তানের শক্তিশালী স্কোয়াড

কাঁধের সফল অস্ত্রোপচার করিয়েছেন এবং দীর্ঘদিন ধরে ডান কাঁধের সমস্যা নিয়ে ভুগছিলেন। অন্যদিকে হারিস রউফ যুক্তরাষ্ট্রের মেজর লিগ ক্রিকেটের (এমএলসি) চলতি আসরে খেলার সময় হ্যামস্ট্রিং ইনজুরিতে পড়েছেন। এই দুইজনের অনুপস্থিতিতে পাকিস্তান দলকে বেশ কিছু গুরুত্বপূর্ণ সদস্য ছাড়াই মাঠে নামতে হবে। স্কোয়াড থেকে বাদ পড়েছেন নাসিম শাহ, মোহাম্মদ ওয়াসিম, ইরফান খান এবং হাসান আলিও। তবে প্রথমবারের মতো জাতীয় দলে ডাক পেয়েছেন তরুণ পেসার সালমান মির্জা, যিনি পিএসএলের নবম আসরে চার ম্যাচে ৯ উইকেট নিয়ে দারুণ পারফরম্যান্স প্রদর্শন করেছেন। তিন ম্যাচের সিরিজের প্রথম টি-টোয়েন্টি ম্যাচ অনুষ্ঠিত হবে ২০ জুলাই ঢাকার শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে। দ্বিতীয় ও তৃতীয় ম্যাচ যথাক্রমে ২২ ও ২৪ জুলাই একই ভেন্যুতে আয়োজন করা হয়েছে। পাকিস্তান ও বাংলাদেশ সর্বশেষ মে মাসে পাকিস্তানে মুখোমুখি হয়েছিল। ওই সিরিজে পাকিস্তান ৩-০ ব্যবধানে জয়লাভ করে। বাংলাদেশ এই মাটিতে মাঠে ফিরেই প্রতিদ্বন্দ্বিতা কঠিন মনে হলেও দল একুশ শতকের অগ্রগামী দল হিসেবে নিজেদের অবস্থান সুদৃঢ় করতে আগ্রহী। পাকিস্তানের ঘোষিত স্কোয়াড: সালমান আলি আগা (অধিনায়ক), আবরার আহমেদ, আহমেদ দানিয়াল, ফাহিম আশরাফ, ফখর জামান, হাসান নওয়াজ, হুসাইন তালাত, খুশদিল শাহ, মোহাম্মদ আব্বাস আফ্রিদি, মোহাম্মদ হারিস (উইকেটকিপার), মোহাম্মদ নওয়াজ, সাহিবজাদা ফারহান (উইকেটকিপার), সাইম আয়ুব, সালমান মির্জা, সুফিয়ান মুকিম।